দৈনিক সংবাদ

তারিখ 29 AUG 1994
পৃষ্ঠা ৮ কলাম 2

15

সংসদীয় কমিটির বৈঠক

# এবতেদায়ী মাদ্রাসার জন্য ৯ কোটি টাকা বরাদ্দ

চলতি অর্থবছরে সারাদেশের ৫ হাজার এবতেদায়ী মাদ্রাসার প্রতিটির চারজন শিক্ষককে পাঁচশ টাকা করে প্রদানের জন্য ৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। ইতিমধ্যেই ৫৫০টি এবতেদায়ী মাদ্রাসা এর আওতাভুক্ত হয়েছে।

গতকাল রোববার সংসদ ভবনে শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির এক বৈঠকে একথা উল্লেখ করা হয়। শিক্ষামন্ত্রী ও কমিটির চেয়ারম্যান ব্যারিস্টার জমির উদ্দিন সরকার সভায় সভাপতিত্ব করেন।

বৈঠকে প্রতিটি নিবন্ধকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও স্বীকৃতিপ্রাপ্ত এবতেদায়ী মাদ্রাসাকে অনুদানের তালিকাভুক্ত করার লক্ষ্যে এতদসংক্রান্ত নীতিমালা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

বৈঠকে উল্লেখ করা হয় যে, গত দু'বছরে দুই পর্যায়ে ১৩ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে। বৈঠকে আগামী ডিসেম্বর নাগাদ শূন্য হবে এমন পাঁচ হাজার প্রাথমিক শিক্ষকের শূন্যপদে নিয়োগদানের পদক্ষেপ নেয়া হচ্ছে বলে উল্লেখ করা হয়।